PG Odd Semester (CBCS) Exam., December—2016

BENGALI

(3rd Semester)

Course No. : BNG CC–301

(রবীন্দ্র সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। 'চিত্রা' কাব্যের অব্যবহিত পূর্ববর্তী ও পরবর্তী কাব্যের নাম লেখো। ''এই যে কবি, যিনি আমার সমস্ত ভালোমন্দ, আমার সমস্ত অনুকূল ও প্রতিকূল উপকরণ লইয়া আমার জীবনকে রচনা করিয়া চলিয়াছেন, তাঁহাকেই আমার কাব্যে জীবনদেবতা নাম দিয়াছি।'' রবীন্দ্রনাথের এই মন্তব্যের আলোকে জীবনদেবতা পর্যায়ের কবিতাগুলির আলোচনা করো। ২+১২=১৪

২। 'চিত্রা' কাব্যগ্রন্থটি কবে প্রথম প্রকাশিত হয়েছিল? ''আমি সত্যি সত্যি বুঝতে পারি না, আমার মধ্যে সুখ-দুঃখ বিরহ-মিলনপূর্ণ ভালোবাসা প্রবল, না সৌন্দর্যের নিরুদ্দেশ আকাঙ্ক্ষা।'' 'চিত্রা' কাব্যে উভয় ভাবধারারই কবিতা রয়েছে। প্রাসঙ্গিক কবিতাগুলির আলোচনাক্রমে বিষয়টি স্পষ্ট করো। ১+১৩=১৪

খ—গুচ্ছ

৩। গোরা কোন্ তীর্থস্থানে প্রথম সাধারণ মানুষকে অপমানিত হতে দেখে প্রতিবাদ করেছিল? গোরার প্রকৃত নাম কী? ''আমরা একটাই জাতি তার নাম মানবজাতি, আমাদের একটাই ধর্ম তার নাম মানবধর্ম, আমাদের একটাই দেশ তার নাম বসুন্ধরা।'' রবীন্দ্রনাথের এই মন্তব্যের নিরিখে 'গোরা' উপন্যাসে অভিব্যক্ত জাতীয়তাবাদী ভাবনার স্বরূপ আলোচনা করো। ১+১+১২=১৪

৪। অবিনাশ ঘোষালের জন্মের মাস ও তারিখ কী? উনিশ শতকের দ্বিতীয়ার্ধে বাঙালির যে ধনবাদী সমাজ গড়ে উঠেছিল তার পরিচয় রয়েছে 'যোগাযোগ' উপন্যাসে। আলোচনা করো। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। 'ডাকঘর' নাটকটি কবে প্রথম প্রকাশিত হয়? এতে কয়টি দৃশ্য রয়েছে? ''অনুভূতির গাঢ়, গীতিময় প্রকাশ 'ডাকঘর'কে বিশিষ্টতা দান করেছে।'' মন্তব্যটি বিশদ করো। ১+১+১২=১৪

৬। সাংকেতিক নাটক বলতে কী বোঝ? ''মানবের মধ্যে বন্ধন-অসহিষ্ণুতার যে মৌলিক প্রবৃত্তি রয়েছে, অমল চরিত্রে রয়েছে তারই দ্যোতনা।'' পর্যালোচনা করো। ৩+১১=১৪

ঘ—গুচ্ছ

৭। 'কালান্তর' এবং 'সভ্যতার সংকট' প্রবন্ধ দুটি কোন্ কোন্ সাময়িকপত্রে, কোন্ কোন্ সংখ্যায় প্রকাশিত হয়েছিল? এই প্রবন্ধ দুটিতে রবীন্দ্রনাথ সাম্রাজ্যবাদের যে সমালোচনা করেছেন তার পরিচয় দাও। ৪+১০=১৪

৮। বয়কট-নীতি কী? কোন্ পরিস্থিতিতে বাংলার মানুষ বয়কট-নীতি অবলম্বন করেছিল? এর ফলে প্রত্যক্ষভাবে কারা লাভবান হয়েছিল? ''নানা আশু ও সুদূর কারণে, অনেকদিনের পুঞ্জিত অপরাধে হিন্দু-মুসলমানের মিলন সমস্যা কঠিন হয়েছে।'' এই মন্তব্যের আলোকে 'কালান্তর'-এর প্রাসঙ্গিক প্রবন্ধে হিন্দু-মুসলমান সমস্যার যে মূল্যায়ন রবীন্দ্রনাথ করেছেন তার পর্যালোচনা করো। ১+১+১+১১=১৪

ঙ—গুচ্ছ

৯। ছোটগল্পের সংজ্ঞা ও স্বরূপ নির্ণয় করো। 'ঘাটের কথা' গল্পটি কোন্ পত্রিকায়, কবে প্রথম প্রকাশ পায়? গল্পের নিবিড় পাঠে প্রকৃতি ও মানুষের আন্তঃসম্পর্ক বিশ্লেষণে গল্পকারের সার্থকতা নিরূপণ করো। ৪+১+৯=১৪

১০। রবীন্দ্রনাথের 'গল্পগুচ্ছ' কয়টি খণ্ডে বিভক্ত? 'গল্পগুচ্ছ'-এর খণ্ডগুলির সমন্বিত গল্পসংখ্যা কত? 'গল্পগুচ্ছ'-এর পঠিত গল্পের আলোকে রবীন্দ্রনাথের লোকজীবন অভিজ্ঞতার পরিচয় দাও। ১+১+১২=১৪

★★★